মুসীবতের দো‘আ: আল্লাহ ছাড়া কোনো সত্য ইলাহ নেই, যিনি মহান ও সহিষ্ণু। আল্লাহ ব্যতীত কোনো সত্য ইলাহ নেই, তিনি মহা ‘আরশের রব। আল্লাহ ব্যতীত কোনো সত্য ইলাহ নেই, তিনি আসমানের রব, জমিনের রব এবং মর্যাদাবান ‘আরশের রব।

‘আব্দুল্লাহ ইবন ‘আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিপদের সময় বলতেন, “আল্লাহ ছাড়া কোনো সত্য ইলাহ
নেই, যিনি মহান ও পরম সহিষ্ণু। আল্লাহ ব্যতীত কোনো সত্য ইলাহ নেই, তিনি মহা ‘আরশের
রব। আল্লাহ ব্যতীত কোনো সত্য ইলাহ নেই, তিনি আসমানের রব, জমিনের রব এবং মর্যাদাবান ‘আরশের রব।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটি প্রমাণ করে যে, আল্লাহ ছাড়া বিপদাপদ ও দুশ্চিন্তা দূর করার কেউ নেই। এ কালেমাগুলো যখন কোনো মুমিন বান্দা ভয়-ভীতি ও বিপদের সময় অন্তর থেকে বলবে মহান আল্লাহ তাকে নিরাপদ রাখবেন। বান্দা আল্লাহ তা‘আলার যিকির করলে এবং তার কাছে দো‘আ করলে তিনি কঠিন বিষয় সহজ করেন, দুঃখ-কষ্ট দূর করেন এবং সংকীর্ণতা হালকা করেন। বান্দা কঠিন সময় আল্লাহকে স্মরণ করলে তা সহজ হয়ে যায়, দুঃখ-কষ্টের সময় তাঁকে স্মরণ করলে তা লাঘব হয়ে যায়, কষ্টের সময় তাঁকে স্মরণ করলে তা হালকা হয়ে যায়, মুসীবতের সময় তাঁকে স্মরণ করলে তা দূর হয়ে যায় এবং বিপদের সময় তাঁকে স্মরণ করলে তা অপসারিত হয়ে হয়ে যায়। হাদীসে আল্লাহর ‘আল-হালীম’ তথা পরম সহিষ্ণু নাম বিশেষ করে উল্লেখ করার কারণ হলো, মুমিনের বিপদাপদ অনেক সময় তার ইবাদাত-বন্দেগীতে কমতি বা অনেক ক্ষেত্রে আল্লাহর স্মরণ ভুলে যাওয়ার কারণে হয়ে থাকে। আর এ দো’আ দুশ্চিন্তা হ্রাসকারী ক্ষমা লাভ করার অনুভূতি প্রদান করে। শারহু রিয়াদিস সালেহীন, শাইখ মুহাম্মাদ ইবন সালেহ ইবন মুহাম্মাদ আল-উসাইমীন (৬/৫৬); মিরকাতুল মাফাতীহ শারহু মিশকাতুল মাসাবীহ, মুল্লা আলী আল-ক্বারী (৪/১৬৭৭); তাত্বরীযু রিয়াদিস সালেহীন (২/২৮৮)।

https://sunnah.global/hadeeth/bn/show/5141